

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
আক্কেলপুর, জয়পুরহাট

স্মারক নং ১৩.০৪.৩৮১৩.০০৪.৫৭.০৬২.২২.১৭৭৮

তারিখ: ১২/১০/২০২২ খ্রি.

বিষয়: খাদ্য বান্ধব কর্মসূচির তালিকায় যাচাই অবশিষ্ট ব্যক্তিদের পরিবর্তে সংশোধনী প্রস্তাব তালিকা ও সর্বশেষ পূর্ণাঙ্গ হালনাগাদ তালিকা প্রস্তুতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি কর্তৃক দাখিলকৃত তালিকা মোতাবেক এ যাবৎ পর্যন্ত খাদ্য বান্ধব কার্ড ইস্যু করা হয়েছে। কিন্তু অনলাইন ডাটাবেজে যাচাইকালে খাদ্য বান্ধব তালিকায় ভোক্তাদের তথ্য ভুল থাকার কারণে ডাটাবেজে ১০০% যাচাই করা সম্ভব হয় নাই। আগামী ১৭/১০/২০২২ তারিখ পর্যন্ত পূর্বের তালিকা অনুযায়ী অনলাইনে যাচাই কাজ চলমান থাকবে এবং আগামী ১৮/১০/২০২২ তারিখ হতে ডাটাবেজে ১০০ ভাগ যাচাই সম্পন্ন করার লক্ষ্যে অনলাইনে যাচাই অবশিষ্ট ব্যক্তিদের পরিবর্তে সংশোধনী প্রস্তাব ও সর্বশেষ পূর্ণাঙ্গ হালনাগাদ তালিকা প্রস্তুতকরণ উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর, জয়পুরহাট অথবা নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে আগামী ২৫/১০/২০২২ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য বিনীতভাবে অনুরোধ করা হলো। পরবর্তীতে তালিকা নিয়ে কোন প্রশ্ন উঠলে সংশ্লিষ্ট ইউনিয়ন খাদ্য বান্ধব কমিটি দায়ী থাকবেন।

সুবিধাভোগী পরিবারের যোগ্যতা নিয়ন্ত্রণঃ-

- ক) ইউনিয়নের স্থায়ী বাসিন্দা;
- খ) গ্রামে বসবাসরত সবচেয়ে হতদরিদ্র পরিবার প্রধান যেমন-ভূমিহীন, কৃষিশ্রমিক, দিনমজুর, উপার্জনে অক্ষম
- গ) জাতীয় পরিচয়পত্রের অধিকারী;
- ঘ) নারী প্রধান পরিবার অগ্রাধিকার পাবে (বিধবা/তালাকপ্রাপ্তা/স্বামী পরিত্যক্তা সর্বোচ্চাধিকার) এবং
- ঙ) যে সব দুঃস্থ পরিবারে শিশু রয়েছে, সেসব পরিবারও অগ্রাধিকার পাবে।

অযোগ্যতাঃ

- ক) একই পরিবারের একাধিক ব্যক্তিকে কোনক্রমেই তালিকাভুক্ত করা যাবে না;
- খ) সরকারী সামাজিক নিরাপত্তা বেটনীর আওতাভুক্ত ভিজিডি কর্মসূচির সুবিধাপ্রাপ্তরা এ তালিকায় অন্তর্ভুক্ত হবেন না।


মাইক্রোসফট এক্সেলে ইউনিকোড নিকষ ফন্টে নিম্ন বর্ণিত ছক মোতাবেক ইউনিয়ন কমিটির সদস্যদের স্বাক্ষরে তালিকা প্রস্তুত করে উপজেলা নির্বাহী অফিসার আক্কেলপুর অথবা নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে।

ক্রম নং	সুবিধাভোগীর নাম	পিতা/স্বামী	পুরুষ/ মহিলা	পেশা	গ্রাম	ওয়ার্ড	ইউনিয়ন	জাতীয় পরিচয়পত্র নং	মোবাইল নং	ডিলারের নাম	ডিলারের মোবাইল নং
---------	-----------------	-------------	--------------	------	-------	---------	---------	----------------------	-----------	-------------	-------------------

পরিবর্তিত সুবিধাভোগীর পাসপোর্ট সাইজের ২কপি ছবি ও জাতীয় পরিচয়পত্রের ১কপি ফটোকপি অবশ্যই তালিকার সহিত সংযুক্ত করতে হবে বাতিলকৃত কার্ড তালিকার সঙ্গে জমা প্রদান করতে হবে।

প্রাপকঃ চেয়ারম্যান,  
ও সভাপতি,

ইউনিয়ন  
ইউনিয়ন তালিকা প্রনয়ন কমিটি, আক্কেলপুর, জয়পুরহাট


  
(মোঃ মকলেচ আল আমিন)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অঃদাঃ)  
আক্কেলপুর, জয়পুরহাট

স্মারক নং ১৩.০৪.৩৮১৩.০০৪.৫৭.০৬২.২২.১৭৭৮

তারিখ: ১২/১০/২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. মাননীয় হইপ, বাংলাদেশ জাতীয় সংসদ/প্রতিনিধি, ও প্রধান উপদেষ্টা, উপজেলা খাদ্য কমিটি (খাদ্য) আক্কেলপুর, জয়পুরহাট।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর, ও উপদেষ্টা উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), আক্কেলপুর, জয়পুরহাট।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট।
৪. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), আক্কেলপুর, জয়পুরহাট।
৫. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আক্কেলপুর ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), আক্কেলপুর, জয়পুরহাট।
৬. উপজেলা কৃষি অফিসার ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), আক্কেলপুর, জয়পুরহাট।
৭. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), আক্কেলপুর, জয়পুরহাট।
৮. উপজেলা পরিসংখ্যান অফিসার ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), আক্কেলপুর, জয়পুরহাট।
৯. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ও সদস্য উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), আক্কেলপুর, জয়পুরহাট।
১০. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সদস্য, উপজেলা খাদ্য বান্ধব কমিটি (খাদ্য), আক্কেলপুর, জয়পুরহাট।
১১. সচিব, ..... ইউনিয়ন পরিষদ ও সদস্য সচিব, ..... ইউনিয়ন খাদ্য বান্ধব তালিকা প্রনয়ন কমিটি, আক্কেলপুর, জয়পুরহাট প্রকৃত হতদরিদ্রদের তালিকা প্রস্তুত করনে সর্বাঙ্গিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল।
১২. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আক্কেলপুর /জামালগঞ্জ এলএসডি, জয়পুরহাট।
১৩. জনাব ..... খাদ্য বান্ধব ডিলার, ..... ইউনিয়ন, আক্কেলপুর, জয়পুরহাট।

  
(মোঃ মকলেচ আল আমিন)  
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক  
আক্কেলপুর, জয়পুরহাট